



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৪

১৪/১২

নং-৪৪.০০.০০০০.০২২.০০২.০০২.১৪- ৪৭৭

তারিখ : ১৪/১২/২০১৪ খ্রিঃ

বিষয় : ইয়াবা ট্যাবলেটের মধ্যে এ্যামফিটামিন এর উপস্থিতি থাকায় এর সমুদয় পরিমাণ সাজা প্রদানের জন্য বিবেচনা যোগ্য কিনা-এ বিষয়ে আইনগত মতামত প্রসঙ্গে।

সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পত্র নং-৪৪.০৪.০০০০.০০৫.১৮.৩৯৬.১৩-৩৪৫২
তারিখ-০৩/১১/২০১৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সূত্রোক্ত পত্রের প্রস্তাবের প্রেক্ষিতে ইয়াবা ট্যাবলেটের মধ্যে এ্যামফিটামিন এর উপস্থিতি থাকায় এর সমুদয় পরিমাণ সাজা প্রদানের জন্য বিবেচনা যোগ্য কিনা-এ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ হতে মতামত পাওয়া গেছে (সংযুক্ত)। উক্ত মতামত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত : বর্ণনামতে ~~(ফিল)~~ ফর্দ।

(Signature)
১৪/১২/২০১৪
(ফেরদৌস রওশন আরা)
উপসচিব
ফোন : ৯৫৭৩২২৯

মহাপরিচালক,
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

মহাপরিচালক অধিদপ্তর	
স্বাক্ষর	✓
তারিখ	✓
স্বাক্ষর	✓
তারিখ	✓
স্বাক্ষর	✓
তারিখ	✓
স্বাক্ষর	✓
তারিখ	✓
স্বাক্ষর	✓
তারিখ	✓

১৬/১২/১৪

DD (Amm)
১১.১২.১৪
১.১২.২০/১৪

নোট সিট

নথি নং ১০.৩৩.০০০০.২২ন.০৪.১৭.১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ/শাখা

বিষয়

বিষয়ঃ ইয়াবা ট্যাবলেট এর মধ্যে এ্যামফিটামিন এর উপস্থিতি থাকায় ইয়াবা ট্যাবলেটের সমুদয় পরিমাণ সাজা প্রদানের জন্য বিবেচনা যোগ্য হবে কি-না তৎসম্পর্কে মতামত প্রদান।

সূত্রঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০২২.০০২.০০২.১৪-৪৭০ তারিখঃ ১৮/১১/২০১৪ খ্রিঃ (পতাকা-১)

২। বিবেচ্য স্মারক এবং তৎসংলগ্নী কাগজাদি সদয় অবলোকন করা যেতে পারে।

৩। বিষয়-সংক্ষেপঃ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টেকনাফ, কক্সবাজার স্মারক নং-১৭৩১ তারিখঃ ১৭/০৯/২০১৪ (পতাকা-২) মূলে এ্যামফিটামিন সংক্রান্ত মাদক ইয়াবার মামালার বিচারিক কার্যক্রম সুষ্ঠুভাবে নিষ্পত্তির জন্য ইয়াবা ট্যাবলেটের মধ্যে এ্যামফিটামিন এর প্রকৃত পরিমাণ জানতে চেয়ে ০৮/১২/২০১৪ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, টেকনাফ সার্কেলকে নির্দেশ প্রদান করেছেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ের ভিত্তিতে আইন ও বিচার বিভাগ কর্তৃক ইতিপূর্বে প্রদত্ত মতামত অনুসারে এ্যামফিটামিনের উপস্থিতি থাকায় ইয়াবা ট্যাবলেটের সমুদয় পরিমাণকে সাজা প্রদানের জন্য বিবেচনা করা যাবে কি-না তৎমর্মে বিবেচ্য স্মারকমূলে পুনরায় আইন ও বিচার বিভাগের মতামত যাচনা করেছে।

৪। মতামতঃ 16 BLD (AD) এর ২৩৯ নং পৃষ্ঠায় উল্লিখিত The State vs. Miss Eliadah McCord আপীলে মাননীয় আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ের ভিত্তিতে আইন ও বিচার বিভাগ নিম্নরূপ মতামত প্রদান করেঃ

“বিবেচ্য স্মারকে উল্লেখ করা হয়েছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর প্রথম তফসিল অনুসারে কোডিন আফিম উদ্ভূত (opium derivative) মাদকদ্রব্য। তরল ফেন্সিডিলের মূল উপাদান কোডিন। এমতাবস্থায়, আফিম উদ্ভূত মাদকদ্রব্য কোডিনের উপস্থিতি থাকায় আপীল বিভাগের উক্ত রায়ের নজির অনুসারে তরল ফেন্সিডিলের সমুদয় পরিমাণকে সাজা প্রদানের জন্য বিবেচনা করাই সমীচীন হবে।” (পতাকা-৩)

16 BLD (AD) এর ২৩৯ নং পৃষ্ঠায় উল্লিখিত The State vs. Miss Eliadah McCord আপীলে

মাননীয় আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়েটি ছিল নিম্নরূপঃ

নং হাইকোর্ট পূর্ব সমীচীন ১৮/১২/১৪ তারিখ ১৬/১২/১৪ অনুমোদন করা হইল।
ক্রিয়াকর্মীঃ স্মারক নং-৪৪.০০.০০০০.০২২.০০২.১৪-৪৭০ তারিখঃ ১৮/১১/১৪

১০/১২/১৪
সদস্য উল সায়োস
দে মকসী সির
কিছক কিছক
১৪ নং বিচার বিভাগ
কর্তা বাংলাদেশ সরকার

2

"We have not been able to lay our hands on classified drug literature but some publications that we have seen show that pure diacetylmorphine is rarely used as a narcotic drug and it is always mixed with cutting agents and the entire thing goes round as heroin." (Para-24)

বিবেচ্য স্মারকে উল্লেখিত এ্যান্টিস্টামিন যেহেতু 'খ' শ্রেণীর মাদক এবং এবং তা ইয়াবা ট্যাবলেটের মূল উপাদান হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৪.০০০০.০০৫.১৮.৩৯৬.১৩-৩৪৫২ তারিখঃ ০৩/১১/২০১৪ (পতাকা-৪) এ উল্লেখ করা হয়েছে সেহেতু মাননীয় আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত উপরোক্ত কার্যের মর্ম অনুসারে এ্যান্টিস্টামিনের উপস্থিতি থাকলে ইয়াবা ট্যাবলেটের সমুদয় পরিমাণকে মাজা প্রদানের জন্য বিবেচনা করাই সমীচীন হবে।

৫। নোটারুডেন্ড ৪ এর মতামত সদয় অনুমোদিত হলে তা স্বরূপে মন্ত্রণালয়কে জানিয়ে দেয়ার জন্য মর্গ আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৫ এ প্রেরণ করা যেতে পারে।

[Signature]
(কে. এম. রাশেদুজ্জামান রাজা)
উপ-সচিব (মতামত-২)

ক. এম. রাশেদুজ্জামান রাজা
উপ-সচিব (মতামত-২)
আইন ও বিচার বিভাগ
১৫/১১/১৪

[Signature]
০১/১২/২০১৪
সুগম সচিব (মতামত)
আব্দুল করিমুল্লাহ জামান্দার
উপ-সচিব (মতামত-১)
আইন ও বিচার বিভাগ
১৫/১১/১৪

[Signature]
০১/১২/১৪
সচিব (আইন ও বিচার বিভাগ)
আইন ও বিচার বিভাগ
১৫/১১/১৪

১৩১১/১৪
০৩/১২/১৪

১২ বাদেম উল কায়েস
দিল্লির সহকারী সচিব
ইন-বিচার বিভাগ
১৫/১১/১৪

মাননীয় মন্ত্রী

সচিব (আইন ও বিচার বিভাগ)
[Signature]
০১/১২/১৪

[Signature]
২/১২/১৪